

সর্বকালের তলানিতে পৌঁছেছে ভারতীয় রুপির দাম

- A Monitor Desk Report

Date: 05 December, 2024



নয়াদিল্লি : মঙ্গলবার (৩ ডিসেম্বর) এক প্রতিবেদনে দেশটির সংবাদমাধ্যম জানায় সর্বকালের তলানিতে পৌঁছেছে ভারতীয় রুপির দাম।

প্রতিবেদনে বলা হয়, যদিও দিন শেষে সামান্য বেড়ে হয় ৮৪ দশমিক ৬৮ রুপি। তবে, অপরদিকে ডলারের সূচক বেড়ে হয় ১০৬ দশমিক ৫০।

এর আগে সোমবার (২ ডিসেম্বর) প্রতি ডলারের দাম দাঁড়িয়েছিল সর্বনিম্ন ৮৪ দশমিক ৭০ ভারতীয় রুপিতে।

রুপির মান নেমে যাওয়া নিয়ে বিশেষজ্ঞদের ধারণা, রুপির দরপতন আরও বেশি হতো। তবে, ভারতের কেন্দ্রীয় ব্যাংক আরবিআইয়ের হস্তক্ষেপের কারণে তা কিছুটা থামানো গেছে।

বিশেষজ্ঞরা আরও ধারণা করেন, ভারতের অর্থনৈতিক প্রবৃদ্ধি ধীর হওয়া এবং বিদেশী পুঁজি বিনিয়োগের (এফপিআই) প্রবাহে সংকোচনের ফলে রুপি দাম কমেছে।

প্রসঙ্গত, সম্প্রতি যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুমকি দিয়ে বলেছেন, ‘ব্রিকস (ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ আফ্রিকা) অন্তর্ভুক্ত দেশগুলো যদি একটি সাধারণ মুদ্রা তৈরি করার চেষ্টা করে, তবে আমদানি করা পণ্যের ওপর ১৯ শতাংশ শুল্ক আরোপ করা হবে।’ ভারতের রুপির দামের ওপর এর প্রভাব পড়েছে বলে বিশেষজ্ঞদের একাংশ মনে করছেন।

-B